

## ➤ ভবিষ্যৎ পরিকল্পনা :

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট ভবিষ্যতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করার পাশাপাশি বাংলাদেশ সরকারের জাতীয় ও অন্তর্জাতিক সকল সনদ ও চুক্তি ও নীতিমালা বাস্তবায়নে কাজ করবে। এসকল কাজ করতে গিয়ে যে সকল ক্ষেত্রে কাজ করবে তা নিম্নে তুলে ধরা হলো:

- (১) তৃণমূল পর্যায়ের দুঃস্থ ও অসহায় নারীদেরকে সামাজিক নিরাপত্তা বেষ্টিত আওতায় নিয়ে আসা।
- (২) জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১ আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ বাস্তবায়ন করা।
- (৩) বাল্যবিবাহ প্রতিরোধে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- (৪) সকল ক্ষেত্রে প্রান্তিক নারীদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা।
- (৫) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
- (৬) বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নারী উদ্যোক্তা সৃষ্টি করে নারীদের স্বনির্ভর করা।
- (৭) নারীদের অনলাইন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের তৈরীকৃত পণ্য অনলাইনে বিক্রির সুবিধা প্রদান।
- (৮) তৃণমূলের নারী উদ্যোক্তাদের তৈরী উপকরণ বিক্রির জন্য বাজারজাতকরণের সুবিধা প্রদান করতে নিবেদিতা টেইলার্স ও হস্তশিল্প কেন্দ্রের আধুনিকায়ন করা।
- (৯) অফিস ব্যবস্থাপনায় আধুনিকায়ন করা ও অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি করা।
- (১০) দাপ্তরিক সেবার মান বৃদ্ধিকর এবং ই ফাইলিং কার্যক্রম জোরদার করা।
- (১১) অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে রূপান্তরিত করা।
- (১২) উপপরিচালকের কার্যালয়, সিলেটের মাধ্যমে প্রদত্ত সকল সেবার ডাটা বেইজ তৈরি করা।
- (১৩) মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেটের সকল সুবিধাভোগীর মধ্যে করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা যাতে তারা নিজেদের শরীরের এন্টিবডি বৃদ্ধি করে নিরোগ থাকতে পারে।
- (১৪) কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে কিশোর-কিশোরীদেরকে প্রশিক্ষণদানের মাধ্যমে সকল সামাজিক সমস্যা সম্পর্কে সচেতনকরা, তাদের মধ্যে নেতৃত্বের বিকাশ ঘটানো এবং সামাজিক সকল অনাচার দূরীকরণে তাদের কাজে লাগানো।